# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯৯১

২৭/ আদব

পরিচ্ছেদঃ নিজের বিষয়ীভূত নয়, এমন কথা বলা

আরবী

عَنْ كَعْبِ بْنِ عُجْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ : أَنَّ النَّبِيَ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ فَقَدْ كَعْبًا فَسَأَلَ عَنْهُ فَقَالَوْا : مَرِيْضٌ فَخَرَجَ يَمْشِيْ حَتَّى آتَاهُ فَلَمَّا دَخَلَ عَلَيْهِ قَالَ أَبْشِرْ يَا كَعْبُ فَقَالَتْ أُمَّهُ : هَنِيْئًا لَكَ الْجَنَّةُ يَا كَعْبُ فَقَالَ مَنْ هَذِهِ الْمُتَأَلِيَةِ عَلَى اللهِ؟ قَالَ : هِيَ أُمِّيْ يَا رَسُوْلَ اللهِ فَقَالَ وَمَا يُدْرِيْكِ يَا أُمَّ كَعْبٍ؟ لَعَلَّ كَعْبًا قَالَ مَا لَا يَعْنِيْهِ أَوْ مَنَعَ مَا لَا يُغْنِيْهِ

বাংলা

(২৯৯১) কা’ব বিন উজরাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে না দেখতে পেয়ে তাঁর ব্যাপারে লোকেদেরকে জিজ্ঞাসা করলেন। লোকেরা বলল, ’তিনি অসুস্থ।’ সুতরাং তিনি বের হয়ে পায়ে হেঁটে তাঁর কাছে এসে বললেন, কা’ব! তুমি সুসংবাদ নাও। তাঁর মা তাঁর উদ্দেশ্যে বলে উঠলেন, ’হে কা’ব! তোমার জন্য জান্নাত মোবারক হোক।’ তা শুনে তিনি বললেন, কে এ আল্লাহর ব্যাপারে কসম খেয়ে (নিশ্চয়তা দিচ্ছে)? কা’ব বললেন, ’ও আমার মা, হে আল্লাহর রসূল!’ তিনি তাঁর মায়ের উদ্দেশ্যে বললেন, হে কা’বের মা! কীভাবে জানলে তুমি (সে জান্নাতী)? হয়তো-বা কা’ব এমন কথাবার্তা বলেছে, যা তার বিষয়ীভূত নয় এবং এমন কিছু দানে বিরত থেকেছে, যা তাকে অভাবমুক্ত করত না।

ফুটনোট

(ইবনে আবিদ দুনয়া ১১০, ত্বাবারানীর আওসাত্ব ৭১৫৭, সিলসিলাহ সহীহাহ ৩১০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ কা‘ব ইবনু ‘উজরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66739

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন